



পরীক্ষা

এইচএসসি পরীক্ষার্থীদের সহায়তায় রাজধানীতে ডিএমপির যে যে
পরিকল্পনা, প্রয়োজনে ৯৯৯-এ ফোন

লেখা: ডিএমপি নিউজ

এইচএসসি পরীক্ষার্থী তাইয়াবা আক্তার। পরীক্ষা শেষ করে বাসায় ফিরছিলেন। কিন্তু পথে ঘণ্টাখানেকের যানজটে ক্লান্ত হয়ে মা রাশেদা বেগমের কাঁধে বিশ্রাম নিচ্ছেন *ফাইল ছবি*

২০২৪ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা সারা দেশে শুরু হচ্ছে আজ রোববার (৩০ জুন) থেকে। এইচএসসি ও সমমানের পরীক্ষায় পরীক্ষার্থীদের সহায়তায় ডিএমপির কুইক রেসপন্স টিম (কিউআরটি) প্রস্তুত থাকবে বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক) মো. মুনিবুর রহমান।

গত বৃহস্পতিবার (২৭ জুন) সকালে রাজধানীতে ডিএমপি মিডিয়া সেন্টারে এইচএসসি ও সমমানের পরীক্ষা উপলক্ষে ডিএমপির ট্রাফিক পরিকল্পনা নিয়ে প্রেস ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন।

মো. মুনিবুর রহমান বলেন, 'রোববার থেকে এইচএসসি, আলীম ও ভোকেশনাল পরীক্ষা শুরু হচ্ছে। এবার ঢাকা মহানগরীতে ৮০টি পরীক্ষাকেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিবছর এইচএসসি পরীক্ষায় উল্লেখযোগ্য ছাত্রছাত্রী অংশগ্রহণ করে থাকেন। এই পরীক্ষার সঙ্গে যাঁরা সম্পৃক্ত, তাঁদের আমরা সর্বাঙ্গিক সহযোগিতা করার চেষ্টা করে থাকি। পরীক্ষার্থীদের যেকোনো অসুবিধা মোকাবিলা করতে ঢাকা মেট্রোপলিটন পুলিশের ট্রাফিক বিভাগের প্রতিটি জোন কর্তৃক আলাদা আলাদা “কুইক রেসপন্স টিম” প্রস্তুত থাকবে এবং আলাদা ট্রাফিক পরিকল্পনা গ্রহণ করা হবে।’

এইচএসসি পরীক্ষা উপলক্ষে ঢাকা মেট্রোপলিটন পুলিশের পক্ষ থেকে বেশকিছু পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সেগুলোর মধ্যে রয়েছে—

১.

পরীক্ষার হলে রওনা দেওয়ার আগে অবশ্যই প্রবেশপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র ও কলম সঙ্গে নিন;

২.

পরীক্ষা শুরুর আগের দিন কেন্দ্রের অবস্থান ভালো করে জেনে নিন এবং আপনার বাসা থেকে কোন রুটে যেতে হবে, তার পরিষ্কার ধারণা নিন;

৩.

পরীক্ষা শুরুর আগে কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য পরীক্ষার্থী/অভিভাবকেরা সড়ক-মহাসড়কের যানজটের বিষয়টি মাথায় রেখে পর্যাপ্ত সময় হাতে নিয়ে বাসা হতে বের হওয়ার জন্য অনুরোধ করা হলো। পরীক্ষা শুরুর ন্যূনতম ৩০ মিনিট আগে পরীক্ষাকেন্দ্রে পৌঁছাতে হবে;

৪.

যেসব সড়ক পারাপারে রেল ক্রসিং আছে, তা বিবেচনা করে বাসা হতে সময় নিয়ে রওনা দেওয়া জরুরি। আপনার বাসার বা পরীক্ষাকেন্দ্রের আশপাশের সড়কে যদি কোনো খোঁড়াখুঁড়ি বা মেরামতের কাজ চলে, তবে তা বিবেচনায় নিয়ে সময়মতো রওনা দিতে হবে;

৫.

পরীক্ষার্থী ও অভিভাবকদের সাবধানতা অবলম্বন করে যানবাহনে চলাচলের অনুরোধ করা হলো। কোনো অবস্থাতেই গণপরিবহনে ঝুলে ঝুঁকিপূর্ণভাবে পরীক্ষাকেন্দ্রে আসা-যাওয়া করবেন না;

৬.

যেসব পরীক্ষার্থী মোটরসাইকেলে পরীক্ষাকেন্দ্রে গমন করবেন, তাঁরা অবশ্যই নিরাপত্তাজনিত কারণে হেলমেট পরিধান করবেন;

৭.

পরীক্ষাকেন্দ্রে আগত পরীক্ষার্থীদের যানজট বা কোনো অনাকাঙ্ক্ষিত সমস্যার সম্মুখীন হলে কর্তব্যরত ট্রাফিক পুলিশের সহযোগিতা নেওয়ার জন্য অনুরোধ করা হলো। ঝুঁকি নিয়ে রাস্তা পারাপার থেকে বিরত থাকুন, প্রয়োজনে ফুটওভার ব্রিজ ব্যবহার করুন এবং পুলিশের সহায়তা নিন। রাস্তা পারাপারে জেব্রা ক্রসিং থাকলে ব্যবহার করুন;

ছবি: ডিএমপির সৌজন্য

৮.

পরীক্ষাকেন্দ্রের আশপাশে অযাচিত পার্কিং না করে অভিভাবক/পরীক্ষার্থীদের ব্যবহৃত যানবাহন পরীক্ষাকেন্দ্র হতে দূরবর্তী নিরাপদ স্থানে পার্কিং করার জন্য অনুরোধ করা হলো;

৯.

পরীক্ষার্থী ও অভিভাবকেরা পরীক্ষাকেন্দ্রের সামনের সড়কে দাঁড়িয়ে গেলে যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়। ফলে অন্য পরীক্ষার্থীদের কেন্দ্রে পৌঁছাতে দেরি হয়। তাই পরীক্ষার্থী ও অভিভাবককে কেন্দ্রের সামনে প্রধান গেটে ও রাস্তায় না দাঁড়িয়ে ফুটপাতে দাঁড়ানোর জন্য অনুরোধ করা হলো। পরীক্ষাকেন্দ্রের সামনে আড্ডা দেওয়া থেকে বিরত থাকুন।

১০.

গত একবছরে মেট্রোরেল, এলিভেডেট এক্সপ্রেসওয়ে ঢাকা মহানগরীর ট্রাফিক ব্যবস্থাপনায় উল্লেখযোগ্য অবদান রেখেছে। এগুলো ব্যবহার করেও পরীক্ষাকেন্দ্রে দ্রুত পৌঁছানো যাবে;

১১.

বর্তমানে বর্ষাকাল চলছে বিধায় অবশ্যই ছাতা, রেইনকোট কিংবা বৃষ্টি হতে রক্ষার প্রয়োজনীয় সরঞ্জামাদি সঙ্গে নিয়ে বাসা হতে বের হওয়ার জন্য অনুরোধ করা হলো;

১২.

যেকোনো জরুরি প্রয়োজনে ৯৯৯-এ ফোন করুন।

পরীক্ষাকেন্দ্রের আশপাশে হর্ন বাজিয়ে পরীক্ষার্থীদের বিরক্তির সৃষ্টি না করা এবং বেপারোয়া গতিতে গাড়ি চালানো থেকে বিরত থাকতে নগরবাসীকে আহ্বান জানান ঢাকা মেট্রোপলিটন পুলিশের পক্ষ থেকে। সেই সঙ্গে এইচএসসি ও সমমানের পরীক্ষা উপলক্ষে যানবাহন চলাচলে শৃঙ্খলা রক্ষা ও যানজট এড়ানোর লক্ষ্যে সম্মানিত নাগরিকদের সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করা হয়েছে।

ত্রিফিঙয়ে ডিএমপির যুগ্ম পুলিশ কমিশনার (ট্রাফিক-উত্তর) আবু রায়হান মুহাম্মদ সালেহ; যুগ্ম পুলিশ কমিশনার (ট্রাফিক-দক্ষিণ) এস এম মেহেদী হাসান, ট্রাফিক-ওয়ারী বিভাগের উপপুলিশ কমিশনার মোহাম্মদ আশরাফ ইমাম ও মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের উপপুলিশ কমিশনার মো. ফারুক হোসেন উপস্থিত ছিলেন।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো